

## *Research Note*

### **The Fiqh of Balance** **A type of understanding we need**

I have dealt with the type of *fiqh* we need, or at least with some of them, on various occasions. A part of my argument is included in my book 'The Islamic awakening Between Ingratitude and Extremism': dealing with the *fiqh* of practices and the *fiqh* of ranks of deeds. Another part of the argument is included in my book "The Islamic Awakening Between Permitted Difference and Undesirable Disunity", dealing with one of the main types of *fiqh* we need; the *fiqh* of difference.

**By the *Fiqh* of Balances we mean several matters as follows:**

1. Balancing intersects against each other, in terms of size and capacity; value and effect; as well as endurance. So as to determine which should be given precedence and which should be discarded.
2. Balancing evils against each other in the same way of balancing interests, so as to determine which could be accepted and which has to be avoided.
3. Balancing interests against evils if they contradict. So as to determine when to give the avoidance of evil a precedence over the gaining of interests and when to forgive evil for the sake of interests.

**The need for two levels of *fiqh* :**

In this respect, we need two levels of *Fiqh* as follows:

The need for two *fiqh* of *Sharia*:

The first of these levels is a *Sharia fiqh* based on a profound understanding of the letter and spirit of *Sharia*, so as to establish the soundness of the said "principle of balances" and determine its evidence. Which should be clear to those who endeavor to understand the judgments and texts of *Sharia* and delve deep in its secrets.

*Shariah* was sent down only for achieving benefits for human in earthly life and in the hereafter. In the known ranks of those interests: *Al-Daruriyyah* (the indispensable), *Al-Hajiyyah* (the needful) and *Al-Tahsiniyyah* (the dignifying)

### **The need for the *Fiqh* of Factual Experience:**

The second level is a rather positivistic *Fiqh* based on the study of contemporary reality - a study that is careful, comprehensive and dependent on the most accurate information and statistic. However, we have to warn here against misleading and unrealistic figures based on propaganda leaflets, inadequate information and questionnaires aimed at serving a specific objective, not at serving truth as a whole.

### **Integration of the Two Types of *Fiqh* in Examining Interests and Evils:**

Both the *Fiqh* of *Sharia* and *Fiqh* of Factual experience should be integrated so that we may reach the proper academic balancing process that is free from both extremism and neglect.

The *sharia* aspect here is clear in principal. It was discussed in the books of *Usul al Fiqh* (Principles of Jurisprudence). Starting with '*Al-Mustafa*' and up to '*Al-Muwafaqaf*', as well as the books on rules, similarities and differences.

When interests conflict, lower interest is sacrificed for the sake of higher interest, and private interest is sacrificed for the sake of common interest, and the owner of private interest is to be compensated for his loss. Also in cases of conflicting interests, temporary interest is forsaken in favor of long term or permanent interest; superficial interest is neglected for the sake of real interest, and sure interest is given precedence over uncertain interest. In the Treaty of Hudaibia, the Prophet (SM) gave prominence to real, basic and future interests over some considerations that others would never have relinquished. He agreed such conditions that at first glance seemed unfair or humiliating to Muslims; he agreed to the removal of the phrase "In the name of Allah, Most Merciful, Most Compassionate", in whose place was written "In The name of God". He also agreed not to be mentioned as the Messenger of Allah in the pact, and to write his name only as Mohammad Ibn Abdullah. The examples are many.

If evils conflict, and some of are indispensable, than one should choose the lesser of two evils and the lower of two degrees of harm prescribed.

Muslim scholars have prescribed that harm should be eliminated as much as possible and that a lesser harm should not be eliminated with a greater harm. A minor harm should be tolerated if such tolerance would make it possible to avoid a major harm, and private harm should be accepted for the sake of avoiding common harm.

Many examples of this are mentioned in books on the 'rules of *Fiqh*' or 'similarities and analogies'.

If interests and evils conflict, they should be examined carefully in terms of their size, effect and duration.

A slight evil should be forgiven for the sake of realizing a major interest.

A temporary evil should be forgiven for the sake of realizing a long-term or permanent interest.

Even a great evil should be accepted if its elimination would lead to a greater evil.

In normal conditions, the avoidance of evil should come before the realization of interest.

It is not enough that we should accept this concept in theory, but rather we have to apply it in practice, for many of the differences among the active Islamist groups are related to these balances.

### **Is alliance with non-Muslim forces acceptable?**

Is reconciliation or pacification with governments that do not adhere to Islam acceptable?

Is it allowed participating in a ruling regime that is not purely Islamic and operates under a constitution that has loopholes or does not have our full approval?

Should we establish Islamic economic institutions in an environment dominated by usury-based, man-made economic system?

Should we allow Muslim elements to work for usury based banks and establishments. or should we keep all the religious elements that adhere to the teachings of Islam away from such establishments?

### **The difficulty of practice in Real Life:**

It is easy to lay down a principal, but difficult to practice it. The *fiqh* of balances is not easy to grasp by layman and others who can raise a hue and cry for the slightest cause.

The erudite scholar, Mawdudi, and his followers met much resistance and embarrassment when he, in the light of the *fiqh* of balances, was of the opinion that electing 'Fatima Jinnah' was less harmful than electing 'Ayub Khan'. They became a target of a ferocious campaign invoking the *Hadith* - 'A people who appoint a woman to lead them will never thrive'. So how about a people, who appoint their leader a tyrant, would they do any better? Never! The *fiqh* (of balances) here examines the two evils to choose the lesser one and avoid the greater of them.

Dr. Hasan Al Turabi and his brothers in Sudan were attacked by some Islamists because they had to join the Socialist Union and had accepted some government appointments under Jafar Nimeiri's regime, even before he announced the application of Islamic *Sharia* in Sudan.

Our brothers in Syria feared the same (opposition) when they decided to ally themselves with some non-Islamic forces to resist the regime that was seeking to annihilate them, although Prophet Mohammad (SM) allied himself with the tribe of Khuza who were polytheists, and he sought the support of one polytheists group against the other at times, too.

However, I am not taking sides here. I am only advocating a principle: The *Fiqh* of balance, on which the structure of the "*Sharia* politics" should be built.

In positions taken by the Prophet (SM) and his companions and in the provisions of our comprehensive *Sharia* is much evidence supporting this argument; that it is permissible to participate in a non-Islamic rule or ally with non-Muslim forces.

**Allama Yusuf Al-Qardawi**  
Deen, Faculty of Shariah  
Qatar Islamic University

## কুরআনের বাণী, বাণী-বিন্যাস ও উপস্থাপন : সূরা ফাতেহা

“আমরা এই পবিত্র গ্রন্থ আরবী ভাষায় নাজিল করেছি যাতে তোমরা বুঝতে পারো।” (আল কুরআন : ১২:২) এ আয়াতে আল্লাহর বাণী বুঝতে পারার উপর গুরুত্ব আরোপ করা হয়েছে। তাঁর বাণী লোকে বুঝুক, অনুধাবন করুক এটিই আল্লাহর অভিপ্রায়। তাই বলা যায় যে, কুরআনের আবেদন মানুষের বুদ্ধিবৃত্তির কাছে। কিন্তু যাদের মাতৃভাষা আরবী নয়, কিংবা যারা আরবী জানেন না, কুরআন বুঝতে চাইলে তাদের অনুবাদ পড়তে হবে। পৃথিবীর বিভিন্ন ভাষায় কুরআন অনুবাদ হয়েছে। তবে মনে রাখতে হবে যে, এর ভাষা এমনই বা অন্য ভাষায় সঠিকভাবে রূপান্তর করা যায় না। একথা অমুসলিম পণ্ডিতরাই স্বীকার করেছেন। (দ্র. A.J. Arberry : The Qur'an Interpreted, Allen and Irwin, 1955; H.A.R. Gibb : Arabic Literature : An Introduction, Oxford University Press, 1963) মূলের সৌন্দর্য, ধ্বনি-মাধুর্য ও সঘোহনী শক্তি রক্ষা করা সম্ভব নয়। তবু তফসীরের সাহায্য নিয়ে বাণী বুঝতে তেমন অসুবিধা হয় না। অধিকাংশ তফসীরে আয়াতগুলোকে বিচ্ছিন্নভাবে দেখা হয়েছে। যেসব আয়াতের ব্যাখ্যা প্রয়োজন আছে বলে তফসীরকাররা মনে করেছেন অনুবাদের নীচে ফুটনোট দিয়ে সেগুলো ব্যাখ্যা করেছেন।

কিন্তু ধাপে ধাপে নাজিল হলেও মহানবী (সা) নিজে আয়াতগুলোকে সূরা আকারে বিন্যাস করে গেছেন এবং এই বিন্যাসের ফলে আয়াতগুলোর মধ্যে একটি ধারাবাহিকতা রক্ষিত হয়েছে। ধারাবাহিকতা ছাড়া বক্তব্য খাপছাড়া, অসংলগ্ন হয়ে পড়ে। কুরআনের বিরুদ্ধে কেউ কেউ এ ধরনের অভিযোগ উপস্থাপন করেছেন। Thomas Carlyle তার Hero as Prophet বক্তৃতায় মহানবীর (সা)-এর উচ্ছ্বসিত প্রশংসা করলেও কুরআন সম্বন্ধে লিখেছেন : “It is as toilsome reading as I ever undertook, a wearisome, confused jumble, crude, incondite. Nothing but a sense of duty could carry and European through the Koran” (Hero-worship, 1840)

নিঃসন্দেহে অনুবাদের দুর্বলতা এ ধরনের মূল্যায়নের অন্যতম কারণ। তবে কুরআনের সাম্প্রতিক অনুবাদগুলো বিশেষ করে মুহাম্মদ আসাদের The Message of the Qur'an বিশ্বস্ত, স্বচ্ছ ও সুন্দর বলে বহুল প্রশংসিত হয়েছে। তাছাড়া, অসংলগ্নতার অভিযোগ ভিত্তিহীন। আয়াতগুলো বিন্যাসের মধ্যে একটি ধারাবাহিকতা আছে যেটি আপাতঃ দৃষ্টিতে অনেকের চোখে পড়ে না এবং প্রচলিত তফসীরগুলোতে এই ধারাবাহিকতার প্রতি আমাদের দৃষ্টি আকর্ষণ করা হয়নি। তফসীরগুলোর সীমাবদ্ধতা এখানেই।

আমরা উপরে উল্লেখ করছি যে, কুরআনের বাণী বুঝতে পারার উপর গুরুত্ব আরোপ করা হয়েছে। আর এই বাণী সঠিকভাবে বুঝতে হলে তার প্রকাশভঙ্গি লক্ষ্য করতে হবে কারণ matter ও form- অবিচ্ছেদ্যভাবে জড়িত। যে কথাটি যেভাবে বলা হয়েছে তা অন্যভাবে

বলে বক্তব্যের ব্যাঘাত হতো। কুরআনের প্রকাশভঙ্গি নিয়ে তাফসীরগুলোতে তেমন আলোচনা হয়নি। তাছাড়া, কুরআন একাধিক সুরায় দাবী করেছে যে, এই গ্রন্থ আল্লাহর বাণী যা মানুষের পক্ষে রচনা করা সম্ভব নয় এবং অবিশ্বাসীকে সেটা করার জন্য চ্যালেঞ্জ করা হয়েছে। কিন্তু অনুবাদ পড়তে গিয়ে কুরআনের অনন্যনুকরনীয় বৈশিষ্ট্য আমাদের সাধারণ পাঠকদের নজরে পড়ে না এবং তাফসীরগুলোতে এই বৈশিষ্ট্যের প্রতি পাঠকদের দৃষ্টি আকর্ষণ করা হয়নি। যদি বিশ্লেষণ করে দেখানো যায় যে, কিভাবে বিচ্ছিন্নভাবে অবতীর্ণ আয়াতগুলো সুসংবদ্ধ হয়ে উঠেছে এবং বাণীর উপস্থাপনার মধ্যে বৈচিত্র্য, চমৎকারিত্ব ও অসাধারণত্ব প্রকাশ পেয়েছে, তাহলে যারা কুরআনকে আল্লাহর বাণী বলে স্বীকার করেন না - এদের মধ্যে মুসলিম নামধারী অনেক উচ্চ শিক্ষিত ব্যক্তিরও আছেন - তারা কুরআন সম্বন্ধে নতুন করে ভাবতে বাধ্য হবেন।

এই লক্ষ্য সামনে রেখে আমি এই আলোচনায় প্রবৃত্ত হয়েছি। আমার পক্ষে এটি দুঃসাহসিক কাজ কারণ আমি আরবী জানি না; অনুবাদের উপর ভিত্তি করেই আমি এ কাজ হাতে নিয়েছি। এর নজিরও আছে, যেমন গ্রীক ও ল্যাটিন সাহিত্য আমরা অনুবাদে পড়ি এবং অনুবাদের ভিত্তিতে সে সাহিত্যের অনেক মূল্যায়নও করা হয়েছে। কোন সূরা আলোচনা করার আগে আমি তার বাংলা অনুবাদ করেছি। এই অনুবাদ মূলতঃ মহম্মদ আসাদের *The Message of the Qur'an* অবলম্বনে। তবে অন্যান্য অনুবাদেরও সাহায্য নেয়া হয়েছে। আমি আশা করি আমার এ আলোচনা কুরআনের বাণী ও অনন্যনুকরনীয় প্রকাশভঙ্গি বুঝতে সহায়ক হবে।

#### সূরা ফাতিহা

- (১) পরম করুণাময় ও করুণাবটনকারী আল্লাহর নামে
- (২) সমস্ত প্রশংসা একমাত্র আল্লাহর প্রাপ্য যিনি নিখিল বিশ্বের রব।
- (৩) পরম করুণাময় ও করুণাবটনকারী।
- (৪) বিচার দিনের মালিক।
- (৫) আমরা তোমারই কাছে প্রার্থনা করি এবং আমরা তোমারই কাছে সাহায্য চাই।
- (৬) আমাদের সহজ পথ দেখাও।
- (৭) তাদের পথ যারা তোমার অনুগ্রহ প্রাপ্ত, তাদের পথ নয় যারা তোমার ক্রোধের পাত্র, কিংবা তাদের পথ নয় যারা পথভ্রষ্ট।

পরম করুণাময় ও করুণা বটনকারী আল্লাহর নামে (বিস্মিল্লাহির রাহমানির রাহিম) - এই আয়াতটি সূরা তওবা ব্যতীত অন্য সব সূরার প্রারম্ভে উল্লেখ করা হয়েছে। কিন্তু একমাত্র সূরা ফাতেহায় এটিকে সূরার অংশ হিসেবে গণ্য করা হয়। এর ইংরেজী অনুবাদ বিভিন্ন অনুবাদক বিভিন্নভাবে করেছেন : In the name of God, Most Gracious, Most merciful (Abdullah Yusuf Ali); In the Name of Allah, the Compassionate, the Merciful (N.J. Dawood); In the name of God, the most Gracious and Dispenser of Grace (Muhammad Asad)। বাংলায় : করুণাময়

কৃপানিধান আল্লাহর নামে (মোহাম্মদ আকরম বা); পরম করুণাময় ও অসীম দয়ালু আল্লাহর নামে শুরু করছি (মাওলানা মহিউদ্দীন খান : মুফতী মুহাম্মাদ শফি কৃত পবিত্র কুরআনুল করিমের বাংলা অনুবাদ)। মহাম্মদ আসাদের ইংরেজী অনুবাদের বাংলা আমি এভাবে করেছি : পরম করুণাময় ও করুণাবন্টনকারী আল্লাহর নামে। প্রথম আল্লাহর সত্ত্বার অন্তর্নিহিত গুণ এবং দ্বিতীয়টি সৃষ্টিতে সেই গুণের বহিঃপ্রকাশ।

দ্বিতীয় আয়াতে বলা হয়েছে : সমস্ত প্রশংসা একমাত্র আল্লাহর প্রাপ্য। প্রশংসা আরবী 'হামদ' শব্দের বাংলা অনুবাদ। কিন্তু 'হামদ' শব্দটি শুধু আল্লাহর প্রশংসা বুঝায়। ইংরেজী বা বাংলায় 'হামদ' এর প্রতিশব্দ না থাকায় 'Praise' বা 'প্রশংসা' দিয়ে অনুবাদ করা হয়েছে। কিন্তু সমস্ত প্রশংসা কেন তাঁর প্রাপ্য পরবর্তী তিনটি আয়াতে তার ব্যাখ্যা দেওয়া হয়েছে। তিনি নিখিল বিশ্বের রব, তিনি রহমান ও রহিম এবং শেষ বিচারের মালিক। 'রব' শব্দেরও কোন একক বাংলা বা ইংরেজী প্রতিশব্দ নেই। এর অর্থ সৃষ্টিকর্তা ও পালনকর্তা। আল্লাহ শুধু এই পৃথিবী সৃষ্টি করেননি 'পৃথিবী' শব্দটি বহু বচনে ব্যবহার করা হয়েছে সম্ভবতঃ আরো পৃথিবীর প্রতি ইঙ্গিত করা হয়েছে - তিনি এটিকে 'Sustain' বা পালন করে যাচ্ছেন। সৃষ্টি করার পর তাঁর দায়-দায়িত্ব শেষ হয়ে যায়নি। তিনি এটিকে বাঁচিয়ে রেখেছেন। এর মধ্যে তাঁর ক্ষমতার পরিচয় পাওয়া যায়। 'রহমান' ও 'রাহিম' শব্দ দু'টি সংযোজন করে আল্লাহর আরো পরিচয় তুলে ধরা হয়েছে : তিনি পরম অনুগ্রহকারী ও অনুগ্রহ বন্টনকারী। যেমন অসীম তাঁর ক্ষমতা, তেমনি অপার তাঁর করুণা। কিন্তু আল্লাহর করুণা ও ক্ষমতার সুযোগ নিয়ে মানুষ যা খুশী তাই করবে, অন্যায়, অন্যাচারে লিপ্ত হবে - এটি কামা হতে পারে না। তাই আল্লাহর আরও একটি পরিচয় দেওয়া হয়েছে : তিনি শেষ বিচারের মালিক। এতে পরকালের সত্যতা এবং মানুষের কার্যাবলীর বিচারের নিশ্চয়তা ঘোষণা করা হয়েছে। ফলে মানুষ ভাল কাজে অনুপ্রাণিত হতে পারে এবং মন্দ কাজ থেকে বিরত থাকতে পারে। মাত্র তিনটি ক্ষুদ্র অথচ গভীর অর্থপূর্ণ এবং প্রাসঙ্গিকভাবে বিন্যস্ত আয়াতের মাধ্যমে এই মহাবিশ্বের মহাপ্রভুর যে পরিচয় প্রকাশ করা হয়েছে তাতে আমাদের সমস্ত প্রশংসা তাঁর উদ্দেশ্যে নিবেদিত হওয়া স্বাভাবিক। বলা বাছিয়া, প্রশংসায় আল্লাহর কিছু যায় আসে না। তিনি স্বয়ং সম্পূর্ণ; সব প্রয়োজনের উর্ধ্বে। প্রশংসা আমাদের সৌজন্য, বিনয়, বিদ্বয় ও আনুগত্যের প্রকাশ।

লক্ষণীয় যে, আল্লাহর পরিচয় দিতে গিয়ে 'Third person' বা তৃতীয় পুরুষ ব্যবহার করা হয়েছে : 'সমস্ত প্রশংসা একমাত্র আল্লাহর প্রাপ্য' কিন্তু সে পরিচয় যখন সম্পূর্ণ হলো তখন মানুষ স্বতঃস্ফূর্তভাবে তাঁর কাছে প্রার্থনা করতে চায়। সে প্রার্থনা সরাসরি; তাতে তৃতীয় পুরুষ নয়, মধ্যম পুরুষ 'তুমি' অধিকতর শোভন। পঞ্চম আয়াতে ঠিক তাই আছে : আমরা তোমারই প্রার্থনা করি এবং আমরা তোমারই কাছে সাহায্য চাই। এই প্রার্থনা অত্যন্ত স্বাভাবিক। যিনি নিখিল বিশ্বের রব, যিনি রহমান ও রাহিম এবং যিনি শেষ বিচারের মালিক তাঁকেই তো মানুষ উপাসনা করবে এবং তাঁর কাছেই তো সাহায্য চাইবে। তিনি ছাড়া আর কেউ উপাসনার পাত্র হতে পারেন না; তাঁর চেয়ে আর কেউ বড় সাহায্যদাতা থাকতে পারেন না। কোন মানুষের কাছে, কোন দেবতার কাছে বা অন্য কোন শক্তির কাছে মানুষ মাথা নোওয়াবে না, সাহায্য



চাইবে না এই ধারণার মধ্যে রয়েছে আল্লাহর সার্বভৌমত্ব ও সুমহান মর্যাদার ঘোষণা। এই প্রার্থনার মধ্যে যে সাহায্যের কথা বলা হয়েছে তার স্বরূপ বর্ণনা করা হয়েছে পরবর্তী আয়াতগুলোতে : 'আমাদের সোজা পথ দেখাও।' সোজা পথের ব্যাখ্যা প্রসঙ্গে বলা হয়েছে : 'ঐ লোকদের পথ যারা তোমার অনুগ্রহপ্রাপ্ত অর্থাৎ নবী-রসূলরা'। তাঁদের কাছে আল্লাহ তাঁর বাণী দিয়ে পাঠিয়েছেন এবং তাঁরাই সোজা বা সঠিক পথে চলেন এবং মানুষকে সেই পথে চলার আহ্বান জানান। অনুগ্রহপ্রাপ্তদের অর্থ স্পষ্টতর করার জন্য আরো দু' শ্রেণীর মানুষের কথা বলা হয়েছে : যারা অভিশপ্ত অর্থাৎ যারা আল্লাহর ক্রোধের পাত্র হয়েছে এবং যারা বিপথগামী। অভিশপ্ত ও পথভ্রষ্টদের ব্যাখ্যা প্রসঙ্গে অনেক তাফসীরকার বলেছেন যে, যারা জেনেও সত্যকে অস্বীকার করেছে তারা অভিশপ্ত বা ক্রোধের পাত্র। অন্যদিকে পথভ্রষ্ট তারা যাদের কাছে সত্য আদৌ পৌঁছায়নি অথবা এমন বিকৃত অবস্থায় পৌঁছেছে যে, সেটি সত্য বলে স্বীকার করা তাদের পক্ষে কঠিন ছিল। (মহম্মদ আসাদ দ্রষ্টব্য)

উল্লেখ্য, যে প্রার্থনার উদ্দেশ্য ব্যক্তিগত পার্থিব উন্নত জীবন তার উদ্দেশ্য আরো মহৎ সমষ্টির ('আমরা' ও 'আমাদের' শব্দগুলো লক্ষ্যণীয়) নৈতিক ও আধ্যাত্মিক অগ্রগতি। মানব জীবনকে এই লক্ষ্যের পথে যাত্রা বলে ইঙ্গিত করা হয়েছে।

উপর্যুক্ত বিশ্লেষণে স্পষ্ট হয়ে উঠেছে যে, সূরা ফাতেহার বাণী একটি অনবদ্য ও অসাধারণ প্রার্থনা এবং এর আয়াতগুলো পরস্পরের সঙ্গে নিবিড়ভাবে সম্পর্কিত। এর কাঠামো অত্যন্ত গাঢ়বদ্ধ ও সুবিন্যস্ত। এই কাঠামো নির্মাণে কয়েকটি বর্ণনারীতি সহায়ক হয়েছে। সেগুলো এখন লক্ষ্য করা যেতে পারে। এর একটি হলো শব্দের পুনরাবৃত্তি (repetition of words)। নিম্নোক্ত আয়াতগুলোতে এই বর্ণনারীতি লক্ষ্যণীয় :

ইয়াকা না'বুদ

ইয়াকা নাস্তাইন।

সিরাতাল মোস্তাকিম সিরাতাল লাজিনা

আন আমতা আলায়হিম

মাগদুবি আলায়হিম।

নিম্নরোখ শব্দগুলো পুনরাবৃত্তি করা হয়েছে। পুনরাবৃত্তি তিনটি কারণে করা হয়। প্রথমতঃ এটি বাক্যের মধ্যে Linking Device বা যোগসূত্র হিসেবে কাজ করে এবং বক্তব্য সুসংবদ্ধ করতে সহায়তা করে। দ্বিতীয়তঃ বক্তব্যকে জোরদার করার জন্য বা Emphatic device হিসেবে এটি ব্যবহার করা হয়। তৃতীয়তঃ এতে বক্তব্য মুখস্ত রাখা সহজ হয় অর্থাৎ এটি একটি Mnemonic device, উদ্ধৃত আয়াতগুলোতে শব্দের পুনরাবৃত্তির ফলে উপরোক্ত তিনটি উদ্দেশ্য সাধিত হয়েছে। সূরা ফাতেহার আর একটি বর্ণনারীতি হলো parallelism বা সমান্তরালতা। বাক্যের মধ্যে যখন একই Grammatical structure বা ব্যাকরণগত কাঠামো ব্যবহার করা হয় তখন তাকে সমান্তরলতা বলে। সমান্তরলতা এটিই ইঙ্গিত করে যে, ঐ অংশগুলো পরস্পরের সঙ্গে ঘনিষ্ঠভাবে সম্পর্কিত এবং সমান গুরুত্বপূর্ণ। এর ফলে



বক্তব্য Coherent বা সুসংহত হয়। সমান্তরাল বর্ণনারীতি সূরা ফাতেহায় কিভাবে ব্যবহার করা হয়েছে দেখা যাক :

যিনি (নিখিল বিশ্বের রব (রাব্বিল আ'লামিন)

পরম করুণাময় ও করুণাবন্টনকারী (আররাহমানির রাহিম)

শেষ বিচারের মালিক (মালেকী ইয়াওমিন্দীন)

আমরা তোমারই উপাসনা করি (ইয়াকা না'বুদু)

এবং

আমরা তোমারই নিকট সাহায্য চাই (ওয়া ইয়াকা নাস্তাইন)

প্রথম উদ্ধৃতিতে আল্লাহর যে পরিচয় দেওয়া হয়েছে তা ব্যাকরণগতভাবে মূলতঃ একই অর্থাৎ বিশেষ্য পদ সমষ্টি। তিনটাই আল্লাহর গুণাবলী প্রকাশ করছে। দ্বিতীয় উদ্ধৃতিতে দু'টি সমান্তরাল বাক্য 'এবং' অব্যয় যোগে সংযুক্ত করা হয়েছে এবং দু'টি বাক্য পরস্পরের সঙ্গে সম্পর্কিত এবং সমানভাবে গুরুত্বপূর্ণ। একমাত্র তোমারই উপাসনা করি বলেই তোমারই কাছে সাহায্য চাই। উল্লেখ্য যে, সমান্তরাল বাক্যের মধ্যে শুধু যে ব্যাকরণগতভাবে মিল (Syntactic parallelism) থাকে তাই নয়, ভাবগত অমিল বা Contrasting elements ও থাকতে পারে। যেমন সূরার প্রথম দিকে শক্তির সঙ্গে প্রেমের, কোমলতার সঙ্গে কঠোরতার, ইহকালের সঙ্গে পরকালের ধারণার সমাবেশ আছে। আবার সূরার শেষের দিকে সোজা পথের সঙ্গে অন্যান্য পথের, অনুগ্রহপ্রাপ্তদের সঙ্গে অভিশপ্ত ও পথভ্রষ্টদের ধারণা সন্নিবেশিত হয়েছে। এর ফলে বক্তব্যের মধ্যে balance বা ভারসাম্য সৃষ্টি হয়েছে। তাতে বক্তব্য আরো সুস্পষ্ট, আরো তীক্ষ্ণ, আরো জোরালো হয়েছে। তাই বলা যায় এই সূরার বাণী, বাণী বিন্যাস ও উপস্থাপনার মধ্যে একটি অপূর্ব সমন্বয় ঘটেছে।

সূরা ফাতেহাকে 'উম্মুল কুরআন' বা The Essence of the Qur'an বলে অভিহিত করা হয়েছে। ইসলামের সব মৌলিক নীতিমালা (The fundamental principles of Islam) আল্লাহর একত্ব, এই মহাবিশ্বের সৃষ্টিকর্তা ও পালনকর্তা হিসেবে তাঁর অনন্যতা, তাঁর দয়া ও করুণা, পরকালের জীবনের নিশ্চয়তা সম্বন্ধে তাঁর ঘোষণা, মানুষের একমাত্র উপাস্য ও সাহায্যদাতা হিসেবে তাঁর পরিচয়, নবী-রাসূলদের মাধ্যমে মানব জাতির প্রতি তাঁর অনুগ্রহ এই সব গুরুত্বপূর্ণ বিষয়ে মাত্র সাতটি সংক্ষিপ্ত, সুবিন্যস্ত, সুস্পষ্ট আয়াতে প্রার্থনার ভঙ্গিতে মানব মনে প্রস্টার উদ্দেশ্যে যে নিরব স্তুতিবাদ ও চিরন্তন আরজু গুমরে ফিরছিল তা অপূর্ব ধ্বনি-মাধুর্য্য সহকারে অননুক্রমণীয় ভাষা ও ছন্দে এই সূরায় উপস্থাপিত হয়েছে।

□ অধ্যাপক সদরুদ্দিন আহমেদ

তীন, কলা ও সামাজিক বিজ্ঞান অনুষদ

র্দান ইউনিভার্সিটি বাংলাদেশ